

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮ ১৭

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জিলা পরিষদের তারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য। সভায় উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির বিভিন্ন সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় পশ্চিম ত্রিপুরা জেলা কল্যাণ আধিকারিক জানান, চলতি অর্থবছর থেকে ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত জেলার ২,৫০৫টি এসসি দৃঃস্থ পরিবারকে বিভিন্ন ক্ষুদ্র ব্যবসায় ধাপে ধাপে বিভিন্ন সহায়তা দিয়ে আর্থিক ভাবে স্বনির্ভর করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। চলতি অর্থবছরে জেলার ২৬০টি পরিবারকে ইনকাম জেনারেশন স্কিমে ১০ হাজার টাকা ভর্তুকীতে ২০ হাজার টাকা করে স্বল্প সুদে ঋণ দেওয়া হবে। এছাড়া জেলার ৩০৭টি পরিবারকে সেলাই মেশিন দেওয়া হবে।

সভায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা আধিকারিক জানান, চলতি অর্থবছরের অক্টোবর মাস পর্যন্ত ৬,৩৪১ জন প্রসূতি মা প্রথম সন্তানের জন্য ২টি কিস্তিতে প্রধানমন্ত্রী মাত্র বন্দনা ২.০ যোজনায় ৫ হাজার টাকা করে আর্থিক সহায়তা পেয়েছেন। দ্বিতীয় কন্যা সন্তানের জন্য এককালীন ৬ হাজার টাকা করে ৩ ১৮ জন প্রসূতি মা আর্থিক সহায়তা পেয়েছেন। মুখ্যমন্ত্রী মাত্র পুষ্টি উপহার যোজনায় চলতি বছরের অক্টোবর মাস পর্যন্ত জেলার ২,৮৯৫ জন গর্ভবতী মহিলাকে চিকিৎসার জন্য ৫০০ টাকা করে মোট ২ হাজার টাকা করে দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী সামাজিক সহায়তা প্রকল্পে জেলায় ৭,৫৯৬ জনের নাম নথিভুক্ত করা হয়েছে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের বিভিন্ন সমাজিক ভাতা প্রকল্পে এখন পর্যন্ত জেলায় ৮২ হাজার ৯৪ জন ভাতা পাচ্ছেন। এছাড়া মিশন বাংসল্যে ৭০ টি শিশু এবং ফষ্টার কেয়ার প্রকল্পে ১৬ টি শিশুকে ৪ হাজার টাকা করে প্রতিমাসে আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে।
